গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল
২, রাজারবাগ, ঢাকা
www.police.gov.bd

স্মারক নং-কেঃপুঃহাঃ/নিয়োগ- ২০১৭/২৪৬৯ তারিখঃ ০৬-০৮-২০১৭খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকার নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে উল্লেখিত জেলার বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
১.	ওয়ার্ড মাস্টার গ্রেড-১৬ বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- পদের সংখ্যাঃ ০১টি	কোন স্বীকৃত বোর্ড হতে এস,এস,সি বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে এক বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	ঢাকা বিভাগঃ গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর ও টাঙ্গাইল জেলা। চট্টগ্রাম বিভাগঃ লক্ষীপুর জেলা। রংপুর বিভাগঃ রংপুর জেলা। খুলনা বিভাগঃ ঝিনাইদহ ও কুষ্টিয়া জেলা। বরিশাল বিভাগঃ বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর জেলা। **তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**
২.	স্টোর কিপার গ্রেড-১৬ বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- পদের সংখ্যাঃ ০১ টি	কোন স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম উচ্চ মাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। স্টোর কিপার পদে কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
৩.	ওয়ার্ড বয় গ্রেড-২০ বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- পদের সংখ্যাঃ ০১টি	ন্যুনতম ৮ম শ্রেনী পাশ।	ঢাকা বিভাগঃ গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী ও শরিয়তপুর জেলা। চট্টগ্রাম বিভাগঃ চাঁদপুর, ফেনী ও নোয়াখালী জেলা। ময়মনসিংহ বিভাগঃ জামালপুর ও নেত্রকোনা জেলা । রাজশাহী বিভাগঃ বগুড়া জেলা। খুলনা বিভাগঃ খুলনা জেলা। বরিশাল বিভাগঃ বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী জেলা। **তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**
৪.	পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০ বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- পদের সংখ্যাঃ ০৩ টি	শারিরীক যোগ্যতা থাকতে হবে। সুইপার সম্প্রদায়ের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	

শর্তাবলীঃ-

১। চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরম বাংলাদেশ পুলিশ ওয়েবসাইটে (www.police.gov.bd) পাওয়া যাবে।

২। ০১/০৮/২০১৭খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর । তবে মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর।

৩। আবেদনপত্র আগামী ২৮/০৮/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাক যোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না ।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

(ক) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা (৫X৫) সে.মি সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি।

(খ) আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০ (দশ) টাকার ডাকটিকেটসহ ১০"X৪.৫" ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

(গ) পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকার বরাবরে কোড নং- ১-২২১১-০০০০-২০৩১- তে ক্রমিক নং ১ও ২ এর জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ৩ ও ৪ এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি।

৫। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি এবং ০১ (এক) সেট ফটোকপি একজন প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নাম, পদবী সম্বলিত সীল,স্বাক্ষর ও তারিখসহ সত্যায়নপূর্বক অবশ্যই দাখিল করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার মূল/ সাময়িক সনদের সত্যায়িত কপি।

(খ) স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নিজ জেলা উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদের মূল/ সত্যায়িত কপি।

(গ) কোন বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, এতিম ও শারিরীক প্রতিবন্ধী) নিয়োগ লাভে প্রত্যাশী প্রার্থীদেরকে সরকার কর্তৃক ঘোষিত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। প্রদত্ত সনদপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে এর স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

(ঘ) এতিম/শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজ কল্যাণ অধিদপ্তরের নিবন্ধনকরণ সনদের মূল/সত্যায়িত কপি।

৬। আবেদনপত্র প্রেরণের খামের বাম পার্শ্বে উপরে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

৭। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৮। অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র অথবা আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১০। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশের পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। সরকারি নীতিমালা মোতাবেক বিভিন্ন কোটা (এতিম ও শারিরীক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ইত্যাদি) সংরক্ষণ করা হবে।

১৩। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। আবেদন ফরম নিম্নরূপঃ

চাকরির আবেদন ফরম

বরাবর,

সুপারিনটেনডেন্ট
কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল
রাজারবাগ, ঢাকা ।

১.	পদের নাম :					
২.	বিজ্ঞপ্তি নম্বর :			তারিখ :		
৩.	প্রার্থীর নাম :	বাংলায় :				
		ইংরেজীতে (বড় অক্ষর) :				
৪.	জাতীয় পরিচয় পত্র নম্বরঃ জন্ম নিবন্ধন নম্বরঃ					(যে কোন একটি)
৫.	জন্ম তারিখঃ					
৬.	জন্মস্থান জেলা :					
৭.	বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়সঃ		বছর	মাস	দিন	
৮.	মাতার নাম :					
৯.	পিতার নামঃ					
১০.	ঠিকানা		বর্তমান	স্থায়ী		
	বাসা/ সড়ক নাম/ নম্বর :					
	গ্রাম/ পাড়া/ মহল্লা :					
	ইউনিয়ন/ওয়ার্ডঃ					
	ডাকঘরঃ					
	পোস্টকোড নম্বরঃ					
	উপজেলাঃ					
	জেলাঃ					
১১.	যোগাযোগঃ		মোবাইল/টেলিফোন নম্বরঃ	ই-মেইল (যদি থাকে)ঃ		
১২.	জাতীয়তাঃ					
১৩.	জেন্ডারঃ					
১৪.	ধর্মঃ					
১৫.	পেশাঃ					
১৬.	শিক্ষাগত যোগ্যতা					

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/ শ্রেণি/ বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ			
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ			
১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র- কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা	এতিম/ শারিরীক প্রতিবন্ধী	
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠি	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য উল্লেখ করুনঃ
২০.	চালান/ ব্যাংক ড্রাফট/ পে অর্ডার নম্বরঃ			তারিখঃ
	ব্যাংক ও শাখার নাম :			
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ	হ্যাঁ	না	প্রযোজ্য নহে

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরিক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করবো। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

(ডাঃ এ,কে,এম নিজাম উদ্দিন)
সুপারিনটেনডেন্ট
পক্ষে-পরিচালক (ডিআইজি)
কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল
বাংলাদেশ পুলিশ, রাজারবাগ, ঢাকা।
ফোন নং-৮৩১২০৭৫/ফ্যাক্স নং-৯৩৪২২৯৭।